সমকাল

24 JAN 2017
9 ... 6

# চৌগাছার অষ্টম শ্রেণির ৩ ছাত্র কোথায়

■ যশোর অফিস

যশোরের চৌগাছা শাহাদাৎ পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেণির তিন শিক্ষার্থী হঠাৎ করে বাড়ি থেকে উধাও হয়ে গেছে। রোববার দুপুর থেকে এই তিন বন্ধুর সন্ধান মিলছে না। তারা হলো চৌগাছা থানাপাড়ার শফিকুল ইসলামের ছেলে আশরাফুল ইসলাম শাওন (১৩); পশ্চিম কারিগরপাড়ার আরিফুল ইসলামের ছেলে আশরাফুল ইসলাম (১৩) ও বাকপাড়া এলাকার আবদুল মালেকের ছেলে তানভীর আহমেদ তন্ময় (১৩)। পরিবারের সদস্যরা সম্ভাব্য সব জায়গায় খোঁজ করে তাদের না পেয়ে রোববার রাতে চৌগাছা থানায় সাধারণ ডায়েরি করেছেন।

**রোববার থেকে সন্ধান মিলছে না তাদের**

নিখোঁজ শাওনের বাবা শফিকুল ইসলাম সাধারণ ডায়েরিতে উল্লেখ করেন, ২২ জানুয়ারি দুপুরে তার ছেলে প্রাইভেট পড়ার নাম করে বাড়ি থেকে বের হয়ে আর ফেরেননি। সব আত্মীয়র বাড়িতে খোঁজখবর নিয়েও তার কোনো সন্ধান পাওয়া যায়নি। এরপর জানা যায়, শাওন বাড়ি থেকে বেরোনোর সময় শার্ট, প্যান্ট, শীতপোশাক, তিন/চারটি বই ও আনুমানিক নয় হাজার টাকা নিয়ে গেছে। ওর অপর দুই বন্ধু আশরাফুল ইসলাম ও তন্ময়কে পাওয়া যাচ্ছে না বলে পরে জানা গেছে। তন্ময়ের মা হাফিজা আক্তার সীমা জানান, অনেক খোঁজাখুঁজি করেও তার ছেলেকে পাওয়া যাচ্ছে না।

চৌগাছা থানার উপপরিদর্শক আনোয়ারুল আজিম বলেন, নিখোঁজ তিন শিক্ষার্থীর বাড়ি ও শিক্ষা প্রতিষ্ঠানে খোঁজ নিয়ে জানা গেছে, তারা বাড়ি থেকে জামা-কাপড় ও টাকা-পয়সা নিয়ে বেরিয়েছে। ধারণা করা হচ্ছে, তিন বন্ধু বাড়িতে না বলে কোথাও বেড়াতে গেছে। আমরা খোঁজখবর নিচ্ছি। সব থানায় নিখোঁজের মেসেজ পাঠিয়েছি।